2 JAN 2017

যুগান্তর

# বই হাতে উচ্ছ্বসিত শিক্ষার্থীরা

যুগান্তর ডেস্ক

ইংরেজি বছরের প্রথম দিনে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক উৎসব উদযাপিত হয়েছে। উৎসবে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যের নতুন বই তুলে দেয়া হয়। বই হাতে পেয়ে ছাত্র-ছাত্রীরা উচ্ছ্বসিত-উদ্বেলিত হয়ে পড়ে। যুগান্তর স্টাফ রিপোর্টার ও প্রতিনিধিদের পাঠানো খবর—

**নবাবগঞ্জ :** রোববার সকাল ১০টায় উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে বান্দুরা ইউনিয়নের সাদাপুর প্রগতি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্ষুদে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দিয়ে এ উৎসবের সূচনা করেন নবাবগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল আহমেদ।

এ সময় তিনি বলেন, স্থানীয় এমপি মহোদয়ের পরামর্শক্রমে সরকারের সব উন্নয়নমূলক কাজ এগিয়ে চলছে।

এ সময় উপস্থিত ছিলেন— সহকারী কমিশনার (ভূমি) শাহনাজ মিথুন মুন্নি, ভাইস চেয়ারম্যান মহসীন রহমান আকবর, প্রাথমিক শিক্ষা-কর্মকর্তা জেসমিন আহমেদ, নবাবগঞ্জ থানার ওসি মোস্তফা কামাল, বান্দুরা ইউপি চেয়ারম্যান হিল্লাল মিয়া, হুমায়ন কবির, জাহিদ হায়দার উজ্জ্বল ও বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুরাইয়া ইসলাম প্রমুখ। জানা যায়, এ বছর নবাবগঞ্জ উপজেলায় মোট ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ৬০টি কিন্ডারগার্টেন ও ১টি শিশু কল্যাণ বিদ্যালয়ে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। সরকারিভাবে প্রাপ্ত বইয়ের সংখ্যা ১ লাখ ৯৭ হাজার ৫২০ কপি।

অন্যদিকে মাধ্যমিক পর্যায়ে উপজেলার প্রায় ৪০টি বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে।

**লৌহজং :** লৌহজং বালিকা পাইলট উচ্চ বিদ্যালয়ে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে বই উৎসবের উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য সাগুফতা ইয়াসমিন এমিলি। একযোগে উপজেলার ৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ১২টি উচ্চ বিদ্যালয় ও ৬টি মাদ্রাসার শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান ওসমান গনি তালুকদার, এসএম শাহীন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ আবদুর রশিদ শিকদার, যুগ্ম সম্পাদক বি.এম শোয়েব, মেহেদি হাসান, আনোয়ার হোসেন, তোফাজ্জল হোসেন তপন, আনোয়ার হোসেন চান মিয়া, মনির হোসেন মাস্টার, আবুল কালাম আজাদ প্রমুখ।

**মুন্সীগঞ্জ :** জেলার সব প্রাথমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসাসহ সব শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করা হয়েছে। সকালে প্রেসিডেন্ট প্রফেসর ড. ইয়াজউদ্দীন আহম্মেদ রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজে বই বিতরণ কর্মসূচির উদ্বোধন করেন মুন্সীগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট মৃণাল কান্তি দাস। জেলা প্রশাসক সায়লা ফারজানার সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো. ফজলে আজীম, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মো. হারুন-অর-রশিদ, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সুরাইয়া জাহান, মাধ্যমিক শিক্ষা অফিসার মো. শরিফুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পঞ্চানন বালা, কলেজের অধ্যক্ষ মেজর গাজী তাওহিদুজ্জামান প্রমুখ।

**শ্রীপুর (গাজীপুর) :** শিশু সুরক্ষা ও শিশুর অধিকার আদায়ে বই হাতে ১৪ কিলোমিটার মানবপ্রাচীর রচনা করেছে শিশুরা। শ্রীপুর উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের যৌথ উদ্যোগে রোববার বেলা পৌনে ১২টা থেকে দুপুর ১টা পর্যন্ত কর্মসূচিটি পালিত হয়।

শিশু বিবাহ, শিশু শ্রম বন্ধ, শিশুর অধিকার আদায়, শিশুর মেধা বিকাশের সুযোগের দাবিতে মানবপ্রাচীরটি তৈরি করা হয়। মানবপ্রাচীরটি শ্রীপুর রেল স্টেশন থেকে শুরু করে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের মাওনা চৌরাস্তা পর্যন্ত দীর্ঘ হয়। সাত কিলোমিটার সড়কের দু'পাশে ১৪ কিলোমিটার মানবপ্রাচীরে তৃতীয় শ্রেণী থেকে দশম শ্রেণীর শিশুরা

**প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠ্যপুস্তক উৎসব উদযাপিত**

অংশগ্রহণ করে। প্রাচীরে শিশুদের পাশাপাশি অভিভাবক, শিক্ষক, বেসরকারি উন্নয়ন সংস্থাসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ যোগ দেয়।

এ সময় শিশুদের হাতে, কাঁধে ঝোলানো ব্যাগে ছিল নতুন বই। একই সঙ্গে তারা হাতে নিয়েছে শিশু সুরক্ষার দাবি সংবলিত নানা ধরনের স্লোগানসহ পোস্টার, ফেস্টুন, ব্যানার ও লিফলেট। মানবপ্রাচীর চলাকালে শ্রীপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেন শিশুদের শপথবাক্য পাঠ করান। শিশু বিয়ে প্রতিরোধ, শিশু শ্রম বন্ধ, ধর্মের অপব্যাখ্যা দিয়ে নৃশংসতা পরিহার, মুক্তিযুদ্ধের চেতনায় নিজেকে শাণিত করাসহ বিভিন্ন বিষয় উল্লেখ করা হয়েছে।

শ্রীপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা হারুন অর রশীদ জানান, পুরো উপজেলায় মোট ৪১৩টি শিশু শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। এর মধ্যে ১৬৬টি সরকারি এবং ২৪৭টি কিন্ডারগার্টেন। সব প্রতিষ্ঠানে মোট ৬০ হাজার সেট বই বিতরণ করা হয়েছে।

**সাভার :** রোববার সকালে সাভার ও আশুলিয়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন বিদ্যালয়ে ছোট ছোট কোমলমতি শিক্ষার্থীদের হাতে বই তুলে দেন স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানরা। এ সময় স্কুলের প্রধান শিক্ষকরা ও উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**গাজীপুর :** এ উপলক্ষে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আলোচনা সভার আয়োজন করা হয়। রোববার গাজীপুরের জেলা প্রশাসক এসএম আলম জেলা শহরের রাণী বিলাসমনি সরকারি বালক উচ্চ বিদ্যালয়, জয়দেবপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়দেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিনে বই তুলে দেন। এ সময় জেলা শিক্ষা অফিসার রেবেকা সুলতানা, অতিরিক্ত জেলা প্রশাসক ইফতেখার আহমেদ চৌধুরী, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেনসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

**ঢাকা (উত্তর) :** টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লর্স কলেজ, হাজী কছিমউদ্দিন পাবলিক স্কুল, সাহাজ উদ্দিন সরকার বিদ্যানিকেতন অ্যান্ড কলেজ, সিরাজ উদ্দিন সরকার বিদ্যানিকেতন অ্যান্ড কলেজ, সফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে রোববার সকালে বিনামূল্যে পাঠ্যবই বিতরণ করা হয়। টঙ্গী পাইলট স্কুল অ্যান্ড গার্লর্স কলেজে সকাল ১০টায় শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন প্রতিষ্ঠানের অধ্যক্ষ আলাউদ্দিন মিয়া। এ সময় উপস্থিত ছিলেন শিক্ষক প্রতিনিধি আবু জাফর আহমেদ, শিক্ষক মাহবুবুল আলম, কামাল হোসেন, কাজী জামাল উদ্দিন মাসুম প্রমুখ। এদিকে হাজী কছিমউদ্দিন পাবলিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ইঞ্জিনিয়ার এমএম হেলাল উদ্দিন। এ সময় উপস্থিত ছিলেন এসকেএম নজরুল ইসলাম, নাসির উদ্দিন, হাজী ইয়াসিন মিয়া, নাজমুল আলম, মাসুদুর রহমান, আবদুস সাত্তার, মানিক চন্দ্র দাস, শাহাদাত হোসেন, সিদ্দিকুর রহমান, আজাকুর প্রামানিক, মো. জাকির হোসেন, মেহেদুল হক প্রমুখ।

**সোনারগাঁ :** উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বই বিতরণ উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন সোনারগাঁ ইউএনও আবু নাছের ভূঁঞা। দিনব্যাপী ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সোনারগাঁও জি আর মডেল স্কুল, আদমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, বাড়ি মজলিস সরকারি প্রাথমিক বিদ্যালয়, মোগরাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের কোমলমতি শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে এ বই বিতরণ করা হয়। ভট্টপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই বিতরণ উৎসব অনুষ্ঠানে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি শিক্ষানুরাগী আবু নাইম ইকবালের সভাপতিত্বে অন্যাদের মধ্যে উপস্থিত ছিলেন আ ফ ম জাহিদ ইকবাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এসএম আবু তালেব, নাসরিন জাহান পপি, মোহাম্মদ আলী মন্টু, কানিজ ফাতেমা, দীন ইসলাম, মামুন আল ইসমাইল প্রমুখ।